Cosmo School

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বাংলা ২য় পত্র**

# ভাষা

১. কীসের ভেদে ভাষার রূপভেদ দেখা যায়?

২. কীসের সাহায্যে ধ্বনির সৃষ্টি হয়?

৩. চীন দেশের অধিকাংশ মানুষের ভাষার নাম কী?

৪. মনের ভাব প্রকাশ করার অন্যতম মাধ্যম কী?

৫. অর্থপূর্ণ ধ্বনি ভাষার কী?

৬. আঞ্চলিক ভাষার অপর নাম কী?

৭. মানুষ একের পর এক অর্থবোধক শব্দ জুড়ে দিয়ে কী তৈরি করে ?

৮. বাংলা ভাষা বাঙালির কী?

৯. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী গঠিত হয়?

১০. নাটকের সংলাপের জন্য উপযোগী কোন ভাষারীতি?

১১. ভাষাকে কীসের বাহন বলা হয়?

১২. বর্তমানে পৃথিবীতে কতগুলো ভাষা প্রচলিত আছে?

১৩. পৃথিবীতে কত লোকের মাতৃভাষা বাংলা?

১৪. মাতৃভাষার বিবেচনায় বিশ্বে বাংলা ভাষার স্থান কততম?

১৫. চাকমা জনগোষ্ঠীর ভাষার নাম কী?

১৬. গারো জনগোষ্ঠীর ভাষার নাম কী?

১৭. ভাষার মৌখিক রূপের কয়টি রীতি রয়েছে?

১৮. প্রাকৃত ভাষাগুলোর বিকৃত রূপকে কী বলা হয়?

১৯. সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি?

২০. ভাষার কোন রীতি নাটকের সংলাপে উপযোগী নয়?

২১. যে ভাষা রীতি গুরুগম্ভীর, দুর্বোধ্য ও মন্থর, তার নাম কী?

২২. সাধু ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি?

২৩. ভাষার রূপ পরিবর্তনশীল; আর এই পরিবর্তনশীলতার কারণে ভাষাকে কীসের সাথে তুলনা করা হয়?

২৪. 'ভাঙিয়া যাইতে লাগিল' - এর চলিত রূপ কী?

২৫. কোন ভাষার রূপ অপরিবর্তনীয়?

Cosmo School

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বাংলা ২য় পত্র**

## ভাষা

১. কীসের ভেদে ভাষার রূপভেদ দেখা যায়? - স্থান, কাল ও সমাজভেদে

২. কীসের সাহায্যে ধ্বনির সৃষ্টি হয়? - বাগযন্ত্রের সাহায্যে

৩. চীন দেশের অধিকাংশ মানুষের ভাষার নাম কী? - ম্যান্ডারিন

৪. মনের ভাব প্রকাশ করার অন্যতম মাধ্যম কী? - ভাষা

৫. অর্থপূর্ণ ধ্বনি ভাষার কী?- প্রাণ

৬. আঞ্চলিক ভাষার অপর নাম কী? - উপভাষা

৭. মানুষ একের পর এক অর্থবোধক শব্দ জুড়ে দিয়ে কী তৈরি করে ? - বাক্য

৮. বাংলা ভাষা বাঙালির কী? - মাতৃভাষা

৯. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী গঠিত হয়? - শব্দ

১০. নাটকের সংলাপের জন্য উপযোগী কোন ভাষারীতি? - চলিত ভাষা

১১. ভাষাকে কীসের বাহন বলা হয়? - ভাবের বাহন

১২. বর্তমানে পৃথিবীতে কতগুলো ভাষা প্রচলিত আছে?- সাড়ে তিন হাজারের ওপর

১৩. পৃথিবীতে কত লোকের মাতৃভাষা বাংলা? - ৩০ কোটি

১৪. মাতৃভাষার বিবেচনায় বিশ্বে বাংলা ভাষার স্থান কততম? - চতুর্থ

১৫. চাকমা জনগোষ্ঠীর ভাষার নাম কী? - চাংমা

১৬. গারো জনগোষ্ঠীর ভাষার নাম কী? - আচিক

১৭. ভাষার মৌখিক রূপের কয়টি রীতি রয়েছে? - দুটি

১৮. প্রাকৃত ভাষাগুলোর বিকৃত রূপকে কী বলা হয়? - অপভ্রংশ

১৯. সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি? - তৎসম

২০. ভাষার কোন রীতি নাটকের সংলাপে উপযোগী নয়? - সাধুরীতি

২১. যে ভাষা রীতি গুরুগম্ভীর, দুর্বোধ্য ও মন্থর, তার নাম কী? - সাধুরীতি

২২. সাধু ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি?- সর্বনাম ও ক্রিয়াপদে

২৩. ভাষার রূপ পরিবর্তনশীল; আর এই পরিবর্তনশীলতার কারণে ভাষাকে কীসের সাথে তুলনা করা হয়? স্রোতের সাথে

২৪. 'ভাঙিয়া যাইতে লাগিল' - এর চলিত রূপ কী? - ভেঙে যেতে লাগল

২৫. কোন ভাষার রূপ অপরিবর্তনীয়? - সাধু

Cosmo School

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বাংলা ২য় পত্র**

**ধ্বনি ও বর্ণ**

---

১. মৌলিক স্বরধ্বনি কয়টি?

২. ধ্বনি প্রধানত কয় ভাগে ভাগ করা যায়?

৩. কোনটি মৌলিক স্বরধ্বনি?

৪. যে ধ্বনি উচ্চারণে মুখে বাধাপ্রাপ্ত হয় তাকে কী বলে?

৫. ধ্বনি উচ্চারণের উৎস কোনটি?

৬. ধ্বনিদ্যোতক প্রতীক বা চিহ্নকে কী বলে?

৭. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি?

৮. স্বরবর্ণের লিখিত রূপ কয়টি?

৯. ধ্বনির প্রতীক বা সংকেতকে কী বলে?

১০. বাংলা বর্ণমালায় ব্যঞ্জনবর্ণের সংখ্যা কতটি?

১১. বাংলা বর্ণমালায় মোট কতটি বর্ণ আছে?

১২. কোন স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ নেই?

১৩. ম-ফলার উদাহরণ কোনটি?

১৪. স্বরবর্ণের 'কার' চিহ্ন কয়টি?

১৫. ব্যঞ্জণবর্ণের লিখিত রূপ কয়টি?

১৬. ব্যঞ্জণবর্ণের 'ফলা' কয়টি?

১৭. সন্ধিজাত শব্দে যুক্ত ব-ফলা কোনটি?

১৮. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়?

১৯. ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়?

২০. ট, ঠ,ড,ঢ,ণ বর্ণের উচ্চারণের স্থান কোনটি?

২১. ক খ গ ঘ ঙ বর্ণগুলোর উচ্চারণ স্থান হলো-

২২. জিহ্বামূল থেকে উচ্চারিত ধ্বনিসমূহের নাম কী?

২৩. তালব্য বর্ণের উদাহরণ দাও?

২৪. ও,ঔ বর্ণদুটির উচ্চারণের স্থান কোনটি?

২৫. ং (অনুস্বর) এর উচ্চারণ কী হয়?

২৬. 'ঞ' এর উচ্চারণ কয় রকম?

২৭. 'প্রশ্ন' এর সঠিক উচ্চারণ লিখ?

২৮. 'মিষ্টান্ন' শব্দের সঠিক উচ্চারণ লিখ?

২৯. সন্ধিজাত শব্দে যুক্ত ব-ফলায় ব এর উচ্চারণ কী হয়?

৩০. বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ কয়টি?

৩১. বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ কয়টি?

৩২. যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না, তাকে কী বলে?

৩৩. 'ম'- ফলাযুক্ত দুটি শব্দ লিখ।

৩৪. 'ক্বচিৎ' এ 'ব'-ফলার উচ্চারণ কেমন হয়?

৩৫. কণ্ঠ্যবর্ণের অপর নাম কী?

৩৬. কোন স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ নেই?

৩৭. পদের মধ্যে বা শেষে ম-ফলা যুক্ত হলে এর উচ্চারণ কী হয়?

৩৮. কোন শব্দে যুক্ত ব-ফলায় ব এর উচ্চারণ বজায় থাকে?

৩৯. শব্দের প্রথমে ব-ফলা যুক্ত হলে উচ্চারণে কী হয়?

৪০. ওষ্ঠ্য বর্ণগুলো লিখ।

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বাংলা ২য় পত্র**

# শব্দ ও পদ

১. শব্দে বিভক্তি যুক্ত হলে তাকে কী বলে?

২. শব্দের প্রাণ কোনটি?

৩. পদ কত প্রকার ও কী কী?

৪. লিঙ্গ কয় প্রকার?

৫. লিঙ্গ শব্দের অর্থ কী?

৬. ক্লীব লিঙ্গ কাকে বলে? দুটি উদাহরণ দাও।

৭. স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করতে হয় এমন তিনটি শব্দ লিখ।

৮. অর্থপূর্ণ ধ্বনি সমষ্টিকে কী বলে?

৯. কোন কোন শব্দের লিঙ্গান্তর হয় না?

১০. কোন কোন শব্দ দ্বারা কেবল পুরুষ বোঝায়?

১১. নিত্যপুরুষ বাচক তিনটি শব্দ লিখ।

১২. লিঙ্গান্তর হয় না এমন দুটি শব্দ লিখ।

১৩. তিনটি নিত্য স্ত্রীবাচক শব্দ লিখ।

১৪. 'হিম' শব্দের বিপরীত লিঙ্গ কোনটি?

১৫. শব্দের শেষে 'আনী' প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ লিখ।

১৬. 'নী' স্ত্রী প্রত্যয়যোগে গঠিত তিনটি শব্দ লিখ।

১৭. 'আনি/আনী' প্রত্যয়যোগে গঠিত তিনটি স্ত্রীবাচক শব্দ লিখ।

১৮. দ্বিকর্মক ক্রিয়ার উদাহরণ দাও।

১৯. শব্দকে পদ হতে হলে তার সঙ্গে কী যুক্ত থাকতে হবে?

২০. 'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?

Cosmo School

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বাংলা ২য় পত্র**

সন্ধি

---

১. 'সন্ধি' শব্দের অর্থ কী?

২. সন্ধিতে ধ্বনির কয় ধরনের মিলন হয়?

৩. সন্ধির প্রধান উদ্দেশ্য কী?

৪. বাংলা সন্ধি কয় প্রকার?

৫. তৎসম শব্দের সন্ধি কত প্রকার?

৬. 'বিদ্যালয়' শব্দটির সন্ধি-বিচ্ছেদে কোন সূত্রের প্রয়োগ ঘটে?

৭. তৎসম শব্দের সন্ধি কোন নিয়মে হয়?

৮. সন্ধির নিয়মানুসারে অ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয় মিলে কী হবে?

৯. ত+চ/ছ = চ্ছ এ নিয়মে একটি শব্দ লিখ।

১০. উচ্চারণের দিক থেকে বিসর্গ (ঃ) সন্ধি কয় রকম?

১১. সন্ধি বিচ্ছেদ কর:

| | | | |
|---|---|---|---|
| ১. রবীন্দ্র | | ১১. নিরবধি | |
| ২. পরীক্ষা | | ১২. দুর্যোগ | |
| ৩. নদ্যম্বু | | ১৩. মনঃকষ্ট | |
| ৪. স্বাগত | | ১৪. কুজ্ঝটিকা | |
| ৫. শীতার্ত | | ১৫. দ্যুলোক | |
| ৬. সঞ্চয় | | ১৬. নিষ্কর | |
| ৭. সংঘাত | | ১৭. জলাতঙ্ক | |
| ৮.প্রাতরাশ | | ১৮. বনস্পতি | |
| ৯. সন্ধি | | ১৯. লবণ | |
| ১০. মনীষা | | ২০. গায়ক | |

| | | | |
|---|---|---|---|
| সোনালি | | উচ্চারণ | |
| রুপালি | | চাট্টি | |
| কুড়িক | | নবান্ন | |
| মিথ্যুক | | জলাশয় | |
| কাঁচকলা | | কথামৃত | |
| ছোড়দা | | বিদ্যালয় | |
| আন্না | | পরমাণু | |
| নাতবৌ | | আশাতীত | |
| মহাশয় | | অতীত | |
| লঘূর্মি | | পৃথিবীশ্বর | |
| কটুক্তি | | মহীন্দ্র | |
| মরুদ্যান | | বহূর্ধ্ব | |
| প্রচ্ছদ | | গবেষণা | |
| কথাচ্ছলে | | পবন | |
| সুবন্ত | | নয়ন | |
| ষড়ানন | | নাবিক | |
| পাবক | | নীরব | |
| গবাদি | | শিরঃপীড়া | |
| ভাবুক | | অহর্নিশ | |
| পবিত্র | | অহঅহ | |
| মনোলোভা | | দুশ্চরিত্র | |
| অতএব | | নিস্তেজ | |
| নির্গত | | দুস্থ | |
| চতুষ্টয় | | সদ্যোজাত | |
| নিশ্চয় | | নিষ্ঠুর | |
| আশীর্বাদ | | ধনুষ্টঙ্কার | |
| নির্ঘন্ট | | অধোমুখ | |
| নিরাপদ | | উন্নতি | |

Cosmo School

অষ্টম শ্রেণি

বাংলা ২য়পত্র

**ধাতু**

১. ক্রিয়াপদের মূল অংশকে কী বলা হয়?
ক) যতি খ) ধাতু
গ) উক্তি ঘ) প্রকৃতি

২. কোনটি বিদেশাগত ধাতু?
ক) টুট খ) হস্ গ) খাট্ ঘ) শ্রু

৩. 'দৃশ' ধাতুর বাংলা রূপ কোনটি?
ক) দে খ) দেখ্
গ) দেন ঘ) দেখন

৪. কোনটিতে কর্মবাচ্যের ধাতুর ব্যবহার রয়েছে?
ক) মা শিশুকে চাঁদ দেখাচ্ছে
খ) বইটি হারিয়ে ফেলেছি
গ) আজ তোমাদের গল্প শোনাবো
ঘ) ছেলেটিকে কাঁদাচ্ছ কেন?

৫. নিচের কোনটি 'সংযোগমূলক ধাতু' যোগে গঠিত ক্রিয়াপদ?
ক) এখন সাবধান হ্
খ) কাজটা ভালো দেখায় না
গ) আমাকে ধমকিও না
ঘ) আমি তোমাকে শিখাচ্ছি

৬. যে ক্রিয়া পদের মূল বা ধাতু বিদেশি ভাষা থেকে এসেছে তাকে কী বলে?
ক) সংস্কৃত মূল ধাতু খ) অজ্ঞাতমূল ধাতু
গ) বিদেশাগত ধাতু ঘ) ণিজন্ত ধাতু

৭. "তোমার খাওয়া হলে আমাকে বলো" - এ বাক্যে 'খাওয়া' কোন ধাতু?
ক) মৌলিক খ) কর্মবাচ্যের ধাতু
গ) বিদেশি ঘ) সংযোগমূলক

৮. 'বিগড়া' ধাতুটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) নষ্ট হওয়া খ) প্রণাম করা
গ) মূর্তি সংক্রান্ত ঘ) উঁচু হওয়া

৯. নিচের কোনটি বিদেশাগত ধাতু?
ক) হস্ খ) কহ গ) গড়ু ঘ) জম্

১০. 'পড়ু', 'চল্' - এ দুটি কোন প্রকার ধাতু?
ক) সংস্কৃত মূল খ) খাঁটি বাংলা
গ) প্রযোজক ধাতু ঘ) সাধিত ধাতু

১১. কোনটি সংযোগমূলক ধাতুর উদাহরণ?
ক) ভয় কর্
খ) এখন যেতে পার
গ) তিনি বলতে লাগলেন
ঘ) তরকারি বাসি হলে টক

১২. বিদেশি ধাতু কোনটি?
ক) কৃৎ খ) টান্ গ) রাখ্ ঘ) খাদ্

১৩. ২০. 'হারায়' ক্রিয়াপদের 'হারা' কোন ধাতু?
ক) নাম ধাতু খ) কর্মবাচ্যের ধাতু
গ) প্রযোজক ধাতু ঘ) স্বয়ংসিদ্ধ ধাতু

১৪. মৌলিক ধাতু কাকে বলে?
ক) যে ধাতুকে বিশ্লেষণ করা যায় না
খ) যে ধাতু সংস্কৃত থেকে এসেছে
গ) যে ধাতু 'আ' প্রত্যয় যোগে গঠিত হয়
ঘ) যে ধাতু বিদেশি ভাষা থেকে এসেছে

১৫. কোনটি সংস্কৃত ধাতু?
ক) আঁক্ খ) খাদ্ গ) হস্ ঘ) টান্

১৬. "এখনও সাবধান 'হ্', নতুবা আখেরে খারাপ হবে।" - 'হ্' কোন ধাতুর উদাহরণ?
ক) সাধিত ধাতু খ) সংযোগমূলক ধাতু
গ) মৌলিক ধাতু ঘ) কর্মবাচ্যের ধাতু

১৭. প্রযোজক ধাতুর উদাহরণ কোনটি?
ক) শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন
খ) কাজটি ভালো দেখায় না
গ) এখনও সাবধান হও
ঘ) মেয়েটি গান গাচ্ছে

Cosmo School

অষ্টম শ্রেণি

বাংলা ২য়পত্র

**ধাতু**

১. ক্রিয়াপদের মূল অংশকে কী বলা হয়?
ক) যতি খ) ধাতু
গ) উক্তি ঘ) প্রকৃতি
সঠিক উত্তর: (খ)

২. কোনটি বিদেশাগত ধাতু?
ক) টুট খ) হস্
গ) খাট্ ঘ) শ্রু
সঠিক উত্তর: (ক)

৩. 'দৃশ' ধাতুর বাংলা রূপ কোনটি?
ক) দে খ) দেখ্
গ) দেন ঘ) দেখন
সঠিক উত্তর: (খ)

৪. কোনটিতে কর্মবাচ্যের ধাতুর ব্যবহার রয়েছে?
ক) মা শিশুকে চাঁদ দেখাচ্ছে
খ) বইটি হারিয়ে ফেলেছি
গ) আজ তোমাদের গল্প শোনাবো
ঘ) ছেলেটিকে কাঁদাচ্ছ কেন?
সঠিক উত্তর: (খ)

৫. নিচের কোনটি 'সংযোগমূলক ধাতু' যোগে গঠিত ক্রিয়াপদ?
ক) এখন সাবধান হ্
খ) কাজটা ভালো দেখায় না
গ) আমাকে ধমকিও না
ঘ) আমি তোমাকে শিখাচ্ছি
সঠিক উত্তর: (ক)

৬. যে ক্রিয়া পদের মূল বা ধাতু বিদেশি ভাষা থেকে এসেছে তাকে কী বলে?
ক) সংস্কৃত মূল ধাতু খ) অজ্ঞাতমূল ধাতু
গ) বিদেশাগত ধাতু ঘ) ণিজন্ত ধাতু
সঠিক উত্তর: (গ)

৭. "তোমার খাওয়া হলে আমাকে বলো" - এ বাক্যে 'খাওয়া' কোন ধাতু?
ক) মৌলিক খ) কর্মবাচ্যের ধাতু
গ) বিদেশি ঘ) সংযোগমূলক
সঠিক উত্তর: (খ)

১১.'বিগড়া' ধাতুটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) নষ্ট হওয়া খ) প্রণাম করা
গ) মূর্তি সংক্রান্ত ঘ) উঁচু হওয়া
সঠিক উত্তর: (ক)

১২.নিচের কোনটি বিদেশাগত ধাতু?
ক) হস্ খ) কহ
গ) গড়্ ঘ) জম্
সঠিক উত্তর: (ঘ)

১৪.'পড়্', 'চল্' - এ দুটি কোন প্রকার ধাতু?
ক) সংস্কৃত মূল খ) খাঁটি বাংলা
গ) প্রযোজক ধাতু ঘ) সাধিত ধাতু
সঠিক উত্তর: (খ)

১৭.কোনটি সংযোগমূলক ধাতুর উদাহরণ?
ক) ভয় কর্
খ) এখন যেতে পার
গ) তিনি বলতে লাগলেন
ঘ) তরকারি বাসি হলে টক
সঠিক উত্তর: (ক)

১৮.বিদেশি ধাতু কোনটি?
ক) কৃৎ খ) টান্
গ) রাখ্ ঘ) খাদ্
সঠিক উত্তর: (খ)

২০. 'হারায়' ক্রিয়াপদের 'হারা' কোন ধাতু?
ক) নাম ধাতু খ) কর্মবাচ্যের ধাতু

গ) প্রযোজক ধাতু ঘ) স্বয়ংসিদ্ধ ধাতু
সঠিক উত্তরঃ (খ)

২২.মৌলিক ধাতু কাকে বলে?
ক) যে ধাতুকে বিশ্লেষণ করা যায় না
খ) যে ধাতু সংস্কৃত থেকে এসেছে
গ) যে ধাতু 'আ' প্রত্যয় যোগে গঠিত হয়
ঘ) যে ধাতু বিদেশি ভাষা থেকে এসেছে
সঠিক উত্তরঃ (ক)

২৪.কোনটি সংস্কৃত ধাতু?
ক) আঁক্ খ) খাদ্
গ) হস্ ঘ) টান্
সঠিক উত্তরঃ (খ)

২৫."এখনও সাবধান 'হ্', নতুবা আখেরে খারাপ হবে।"
- 'হ্' কোন ধাতুর উদাহরণ?
ক) সাধিত ধাতু খ) সংযোগমূলক ধাতু
গ) মৌলিক ধাতু ঘ) কর্মবাচ্যের ধাতু
সঠিক উত্তরঃ (খ)

৩০. প্রযোজক ধাতুর উদাহরণ কোনটি?
ক) শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন
খ) কাজটি ভালো দেখায় না
গ) এখনও সাবধান হও
ঘ) মেয়েটি গান গাচ্ছে
সঠিক উত্তরঃ (ক)

Cosmo School

অষ্টম শ্রেণি

বাংলা ২য়পত্র

## নির্মিতি অংশ

১. সারাংশ: ২.১, ২.২, ২.৩, ২.৪
২. সারমর্ম: ২.৬, ২.৭, ২.৮, ২.৯
৩. ভাবসম্প্রসারণ: ৩.১, ৩.২, ৩.৩, ৩.৬, ৩.৭, ৩.৮
৪. আবেদন পত্র: ৪.২ (ক), (খ), (গ), (ঘ)
৫. নিমন্ত্রণ পত্র: ৫.৩ (ক) (খ)
৬. প্রবন্ধ রচনা:
   (ক) বাংলাদেশের ষড়ঋতু
   (খ) বাংলা নববর্ষ
   (গ) বিজয় দিবস
   (ঘ) ট্রেনে ভ্রমণ (ঐচ্ছিক)
   (ঙ) মুক্তিযুদ্ধ জাদুঘর

**বিশেষ নির্দেশনা:**

- ❖ প্রতিটি টপিক সময় নির্ধারণ করে নিয়ে পড়বে ও লিখবে।
- ❖ ভাবসম্প্রসারণ (১. মূলভাব, ২. সম্প্রসারিত ভাব, ৩. মন্তব্য) ৩প্যারা করে দেড় পৃষ্ঠা লিখবে।
- ❖ আবেদন পত্র ও নিমন্ত্রণ পত্র অবশ্যই এক পৃষ্ঠায় লিখবে। পরের পৃষ্ঠায় গেলে কোন নম্বর পাবে না।)
- ❖ প্রতিটি রচনার জন্য ১২-১৫টি পয়েন্ট বানিয়ে রচনাগুলো নোট করবে। ৫-৬টি পয়েন্টে উক্তি, বাংলা/ইংরেজি কোটেশন, কবিতাংশ সংযুক্ত করবে। কোটেশন ও পয়েন্টগুলো মুখস্ত করে লিখবে।

## ব্যাকরণ অংশ : (প্রতিদিন অন্তত একবার করে পড়বে।)

১. ভাষা
২. মাতৃভাষা ও রাষ্ট্রভাষা
৩. সাধু ও চলিত রীতির পার্থক্য
৪. ধ্বনি ও বর্ণ
৫. ম-ফলা ও ব-ফলার উচ্চারণ
৬. সন্ধি
৭. বিসর্গ সন্ধি
৮. শব্দ ও পদ
৯. লিঙ্গান্তরের নিয়ম ও উদাহরণ
১০. ধাতু ও ক্রিয়াপদ
১১. মৌলিক ধাতু ও সাধিত ধাতু
১২. সমার্থক শব্দ প্রয়োগে বাক্য রচনা -(১-৩০) প্রতিদিন অন্তত একবার করে পড়বে।
১৩. বাগধারা ২৫টি প্রতিদিন অন্তত একবার করে পড়বে।

**বিশেষ নির্দেশনা:**

- ❖ **কর্মপত্র সমাধান করবে এবং নিজেই যাচাই করবে।**